# ব্রি ধান৮৫

# সমৃদ্ধির জন্য ধান

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ফ্যাক্ট শীটঃ আউশ ধানের জাত

## জাত পরিচিতি

ব্রি ধান৮৫ রোপা আউশ মৌসুমের জাত। ব্রি ধান৮৫ এর কৌলিক সারি BR7718-55-1-3. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (BRRI) দুইটি $F_1$ এর মধ্যে Double cross এর মাধ্যমে (BR4828-54-1-4-9/IR50//BR4828-54-1-4-9/LU HONG ZAO1) বংশানুক্রম সিলেকশন (Pedigree) পদ্ধতিতে এ জাতটি উদ্ভাবন করা হয়। কুমিল্লা অঞ্চলসহ পূর্বাঞ্চলে ফলন পরীক্ষায় সন্তোষজনক ফলাফল পাওয়ায় কুমিল্লা অঞ্চলে কৃষকের মাঠে রোপা আউশ মৌসুমে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৭ সালে জাতটি ছাড়করণ করা হয়।




ব্রি ধান৮৫

## জাতের বৈশিষ্ট

- ব্রি ধান৮৫ তে আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান।
- এ জাতের ডিগ পাতা খাড়া, কিছু সরু ও লম্বা। পাতার রং সবুজ।
- এ জাতের প্রধান বৈশিষ্ট্য হলো এর শিষগুলো গাছের উপরের দিকে থাকে।
- পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা প্রায় ১১০ সেমি:,
- ধানের রং সোনালী ও আকৃতি চিকন এবং মাঝারী লম্বা।
- চাল মাঝারী লম্বা ও চিকন এবং ভাত ঝরঝরে
- ১০০০ টি পুষ্ট চালের ওজন প্রায় ২২.৩ গ্রাম।
- দানায় অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৬.০ ভাগ।

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

জলাবদ্ধতা সহনশীল হওয়ায় আউশ মৌসুমে অপেক্ষাকৃত নিচু এলাকাতেও চাষ করা সম্ভব। মাঝারী লম্বা আকারবিশিষ্ট এ ধানের জাতটি বিশেষত কুমিল্লা অঞ্চলসহ দেশের পূর্বাঞ্চলে রোপা আউশ মৌসুমে চাষাবাদযোগ্য।

## জীবনকাল

জাতটির জীবন কাল ১০৮-১১০ দিন।

## ফলন

ব্রি ধান৮৫ রোপা আউশ মৌসুমে হেক্টর প্রতি ৪.৫-৫.০ টন ফলন দিতে পারে। উপযুক্ত পরিচর্যায় ব্রি ধান৮৫ হেক্টর প্রতি ৫.৫ টন ফলন দিতে সক্ষম।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ বপনের সময়ঃ** বীজ বপনের উপযুক্ত সময় (৮ চৈত্র-২ বৈশাখ) ১ এপ্রিল- ১৫ এপ্রিল)।

২. **চারার বয়স ও সংখ্যাঃ** ২০-২৫ দিনের চারা প্রতি গুছিতে ২/৩ টি।

৩. **রোপন দুরত্বঃ** ২০×১৫ সেমি

৪. **চাষের উপযুক্ত জমিঃ** মাঝারি উঁচু থেকে উঁচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত। জলাবদ্ধতা সহনশীল হওয়ায় নিচু এলাকাতেও চাষ করা যেতে পারে।

৫. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

৫.১

| ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা |
|---|---|---|---|---|
| ২০ | ৭ | ১০ | ৫ | ০.৭ |

৫.২ সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, অর্ধেক এমপি বেং সবটুকু জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপনের ৭-১০ দিন পর ১ম কিস্তি, ২০ দিন পর ২য় কিস্তি এবং ৩৫ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক এমপি দ্বিতীয় কিস্তি ইউরিয়ার সাথে মিশিয়ে প্রয়োগ করতে হবে।

৬. **আগাছা দমনঃ** চারা রোপণের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. **রোগ বালাই ও পোকামাকড় দমনঃ** ব্রি ধান৮৫ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ অন্যান্য জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে সর্বশেষ রোগ-বালাই ও পোকামাকড়ের মাত্রা (Economic Threshold Level) যাচাইপূর্বক বালাইনাশক প্রয়োগ করা যেতে পারে।

৮. **ফসল কাটাঃ** ধান কাটার উপযুক্ত সময় ১০ শ্রাবণ-২৬ শ্রাবণের মধ্যে (২৬ জুলাই- ১০ আগষ্ট)।

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd